

বিএমইটি'র সাম্প্রতিক অর্জনসমূহ :

- গত ২০২২-২৩ অর্থ বছরে প্রায় ৪৮ বছরের মধ্যে রেকর্ড সংখ্যক প্রায় ১১,২৫,৮৩৩ (এগার লক্ষ পঁচিশ হাজার আটশত তেত্রিশ) জন কর্মী বিদেশে প্রেরণ।
- ২০২৩ সালের জানুয়ারী হতে ২৯/০৮/২০২৩ তারিখ পর্যন্ত মোট ৮,৭০,৫৬৩(আট লক্ষ সত্তর হাজার পঁচিশত তেষটি জন কর্মী প্রেরণ করা হয়েছে।
- বিদেশগামী বাংলাদেশী কর্মীদের অগ্রাধিকার ভিত্তিতে কোভিড-১৯ টিকা প্রাপ্তিতে সহায়তা।
- সহজে ও দ্রুততম সময়ে স্মার্ট কার্ড প্রদানের লক্ষ্যে ৩ জন পরিচালকের মধ্যে ইমিগ্রেশন ক্লিয়ারেন্স এর পাওয়ার ডেলিগেশন।
- বিএমইটির আওতাধীন সকল প্রশিক্ষণ আধুনিকায়ন ও কোর্সের সনদ অনলাইনে প্রদান।
- বিদেশগামী কর্মীদের প্রি-ডিপার্চার ওরিয়েন্টেশন (পিডিও) সহজ করে কর্মী বান্ধবকরণ।
- মাননীয় প্রধানমন্ত্রীর ৭৬তম জন্মদিনে যুগান্তকারী পদক্ষেপ হিসেবে অনলাইন ইমিগ্রেশন ক্লিয়ারেন্স কার্যক্রমের শুরু।
- উপজেলা পর্যায়ে নতুন ২৫টি টিটিসি উদ্বোধন ও প্রশিক্ষণ শুরুকরণ।
- ১০০টি নতুন টিটিসি নির্মাণের প্রকল্প প্রস্তাব চূড়ান্ত করে প্রস্তাব প্রেরণ।
- ২২টি জেলায় নতুন জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) স্থাপনের প্রশাসনিক অনুমোদন।
- সকল ট্রেডে শতভাগ আসনে প্রশিক্ষণার্থী ভর্তি ও প্রশিক্ষণ প্রদান নিশ্চিত করণ।
- জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিবহন পুল হতে ১০০টি গাড়ী সংগ্রহপূর্বক টিটিসিসমূহে সরবরাহ।
- বিদেশ গমনেচ্ছু কর্মীদের হাউজকিপিং প্রশিক্ষণ ০১ মাস হতে ০২ মাসে উন্নীত করণ।
- ৭০টি প্রশিক্ষণ কেন্দ্রের সাথে ১১টি ডিইএমও তে প্রি-ডিপার্চার ওরিয়েন্টেশন (পিডিও) চালুকরণ।
- বিদেশগামী কর্মীদের নিবন্ধন প্রক্রিয়া সহজীকরণের জন্য 'আমি প্রবাসী' অ্যাপ চালু করণ।
- রোমানিয়াতে বাংলাদেশী কর্মী প্রেরণের লক্ষ্যে বিএমইটি ভবনে অস্থায়ীভাবে রোমানিয়া কনসুলেট অফিস স্থাপন করে প্রায় ৫ হাজার ৫ শত জন কর্মীর ভিসা স্ট্যাম্পিং করণ।
- দীর্ঘদিন ধরে বন্ধ থাকা মালয়েশিয়ার শ্রমবাজার উন্মুক্ত করে কর্মী প্রেরণের ব্যবস্থাকরণ।
- IM Japan এর মাধ্যমে জাপানে আরও সর্বোচ্চ সংখ্যক টেকনিক্যাল ইন্টার্ন প্রেরণ।
- KOICA, JAICA এর মাধ্যমে ভলান্টিয়ার ভাষা শিক্ষকের ব্যবস্থা করণ।
- সৌদি আরবে দক্ষ কর্মী প্রেরণের লক্ষ্যে Skills Verification Program (SVP) করার লক্ষ্যে চুক্তি সম্পাদন।
- মন্ত্রণালয়, বিএমইটি এবং এনজিওসমূহের অংশীদারিত্বে বিএমইটি ও এর অধীন দপ্তরের কর্মকর্তা ও প্রশিক্ষকগণকে প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ।
- বিএমইটির কর্মকর্তাদের দক্ষতা ও অভিজ্ঞতা বৃদ্ধির লক্ষ্যে বৈদেশিক প্রশিক্ষণের ব্যবস্থা করণ।
- বন্যা দুর্গত জেলাসমূহে (সিলেট, সুনামগঞ্জ, নেত্রকোনা, কিশোরগঞ্জ, গাইবান্ধা, কুড়িগ্রাম) জেলা প্রশাসন, উপজেলা প্রশাসন, টিটিসি এবং ডিইএমও এর সমন্বয়ে দরিদ্র মেধাবী, পিছিয়ে পড়া শিক্ষার্থীদের মাঝে ২০০টি বাইসাইকেল বিতরণ করা হয়েছে।

- ২০২১-২২ অর্থবছরে বিএমইটির জন্য রাজস্ব বাজেটের দক্ষভাবে প্রায় শতভাগ ব্যবহার করে এর উন্নয়ন নিশ্চিত করা হয়েছে।
- ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সর্বোচ্চ বিএমইটির ৯৯ পয়েন্ট অর্জন।
- বিএমইটিকে অধিদপ্তরে উন্নীতকরণে সচিব কমিটির অনুমোদন প্রাপ্তি।
- বিএমইটির আইটি শাখার জন্য পদ সৃজন ও জনবল নিয়োগের জন্য চূড়ান্ত প্রস্তাব পিএসসি তে প্রেরণ।
- জনশক্তি ক্রীড়া ও সাংস্কৃতিক ফোরাম গঠনের মাধ্যমে কর্মকর্তা-কর্মচারীদের শারীরিক ও মানসিক উন্নয়ন।
- ২০২১-২২ অর্থবছরে ননটেক্স রেভিনিউ খাতে লক্ষ্যমাত্রার প্রায় ১২ গুন রেভিনিউ সরকারী কোষাগারে জমা প্রদান।
- বিএমইটির আওতাধীন রিক্রটিং এজেন্সিসমূহ ব্যবস্থার জন্য অনলাইন RAIMS সিস্টেম চালুকরণ।
- বিএমইটির আওতাধীন দপ্তরসমূহের কর্মকর্তা-কর্মচারীদের PDS সিস্টেম এ অন্তর্ভুক্তিকরণ।
- বিএমইটিতে নান্দনিকভাবে বঙ্গবন্ধু কর্ণার হিসেবে 'Wall of Fame' স্থাপন।
- টিটিসি ও আইএমটিসমূহে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মুরাল ও বঙ্গবন্ধু কর্ণার স্থাপন।
- দালাল ও মধ্যস্বত্বভোগীদের দৌরাণ্য কমাতে জেলা-উপজেলায় মোবাইল কোর্টের ব্যবস্থাকরণ।
- বিগত ২০২১-২২ অর্থবছরে প্রায় ৬০০ অভিযোগ নিষ্পত্তি করে কর্মী ও পরিবারের প্রতি সুদৃষ্টি প্রদান।
- আইএমটিসমূহ হতে মেধাবী শিক্ষার্থীদের বাছাই করে Jiangsu Maritime Institute, China তে বিনা খরচে অধ্যয়নের জন্য প্রেরণ।
- বৈদেশিক কর্মসংস্থানের মাধ্যমে রেমিট্যান্স প্রবাহ উর্ধ্বমুখীকরণ।
- দেশব্যাপী অভিবাসন সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জেলা-উপজেলা পর্যায়ে সেমিনার আয়োজন।
- ILO, IOM এর সঙ্গে নিরাপদ অভিবাসন বিষয়ক সভা, সেমিনার, কর্মশালা আয়োজন।
- বহির্গমন শাখায় অধিকতর শৃঙ্খলা আনয়নের নিমিত্ত ই-গেইট চালু করা হয়েছে।
- বহির্গমন শাখার সেবা সহজীকরণের অংশ হিসেবে টোকেন মেশিন স্থাপন করা হয়েছে।